



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২০.০৯.২০১৭

বরিশাল বিশ্ববিদ্যালয়ে যুক্ত হলো নতুন ২টি বিভাগ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে যুক্ত হলো নতুন ২টি বিভাগ। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ২০টি বিভাগের পাশাপাশি চলতি ২০১৭-১৮ শিক্ষাবর্ষ হতে ‘গণযোগাযোগ ও সাংবাদিকতা’ এবং ‘বায়োটেকনোলজি ও বায়োটেকনোলজি’ নামে নতুন ২টি বিভাগ সংযোজিত হয়েছে। গত ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর সম্মানিত সদস্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি এবং ইউজিসির অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ বরিশাল বিশ্ববিদ্যালয় পরিদর্শনে আসলে উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর সাথে ড. এম. শাহ্ নওয়াজ আলিসহ অন্যান্যদের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে নতুন বিভাগ স্থাপন, একটি ল্যাপটোপ সেন্টার চালুকরণ, অত্যাধুনিক ল্যাব নির্মাণসহ ইউজিসির চলমান প্রকল্প নিয়ে আলাপ আলোচনা হয়। এরই প্রেক্ষিতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) অদ্য ২০ সেপ্টেম্বর অপরাহ্নে চলতি শিক্ষাবর্ষ হতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উপরোক্ত ২টি বিভাগ চালুকরণের পাশাপাশি এ ২টি বিভাগে শিক্ষার্থী ভর্তির অনুমোদন প্রদান করে। উল্লেখ্য বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ২৪ ও ২৫ নভেম্বর অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস